দৈনিক বাংলা

তারিখ 17 APR 1994
পৃষ্ঠা ৬ কলাম ৪

22

# রাজশাহী বিআইটি বন্ধ ঘোষণা

স্টাফ রিপোর্টার : রাজশাহী, ১৬ এপ্রিল।— বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি) রাজশাহী কর্তৃপক্ষ আজ থেকে আগামী ২৪ এপ্রিল পর্যন্ত ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করেছে। আবাসিক হোস্টেলসমূহের ছাত্রছাত্রীদের আজ বিকাল পাঁচটার মধ্যে হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

মতিহার থানা সূত্রে জানা গেছে, গত দুদিন থেকে একটি রাজনৈতিক দলের দুটি গ্রুপের মধ্যে বোমাবাজি ও গুলি বিনিময়ের ঘটনা কেন্দ্র করে এটি বন্ধ ঘোষণা করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সার্বক্ষণিক পুলিশ প্রহরা ইনস্টিটিউটে রাখা হয়েছে।